
# ক্ষমতা-পদবীর ঊর্ধ্বে দেশকে রাখার আহ্বান এলজিআরডি মন্ত্রীর



স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রী আবদুল মঈন খান। ছবি: সংগৃহীত

ক্ষমতা কিংবা পদবীকে দেশের স্বার্থের চেয়ে বড় করে দেখার মানসিকতা থেকে বের হয়ে আসার আহ্বান জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রী আবদুল মঈন খান।

শনিবার (২৬ সেপ্টেম্বর) সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে জাতীয় বিতর্ক প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

মন্ত্রী বলেন, দেশের উন্নয়নের জন্য অতীতের ভুলগুলো থেকে শিক্ষা নিতে হবে। একই সঙ্গে সুবিধাবঞ্চিত মানুষের জন্য আরও কার্যকর উদ্যোগ নেওয়ার প্রয়োজন রয়েছে।

শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, পড়াশোনাকে বাদ দিয়ে রাজনীতিতে যুক্ত হওয়া উচিত নয়। লেখাপড়া ঠিক রেখে অন্যান্য কার্যক্রম পরিচালনা করতে হবে। পাশাপাশি শিক্ষকদের নিয়মিত ক্লাস নেওয়া এবং ক্লাস ফাঁকি দেওয়ার প্রবণতা বন্ধ করার আহ্বান জানান তিনি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিউটোরিয়াল ব্যবস্থা অক্সফোর্ড থেকে নেওয়া হয়েছে উল্লেখ করে আবদুল মঈন খান প্রশ্ন রাখেন, সেখানে যদি যথাযথভাবে পড়াশোনা না হয়, তাহলে দেশ কীভাবে এগিয়ে যাবে?

LENS ASIA